

মাননীয় সভাপতি ও পরিচালন অধিকর্তা
পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানী লিঃ
বিদ্যুৎভবন।বিধাননগর
কলিকাতা -৭০০০৯১

যথাযথ মাধ্যমে

বিষয় : দাবি সনদ পেশ

মহাশয়,

আপনি অবহিত আছেন যে, শিল্পের উন্নয়নের বেশ কিছু গঠন মূলক প্রস্তাব আপনার নিকট আমাদের সংগঠনের পক্ষ থেকে পেশ করা হয়েছিল। তার অনেকেংশই আজও কার্যকরী না হওয়াতে শিল্পের সমস্যা বাড়ছে। কর্মী স্বল্পতা আজ চরম জায়গায় পৌঁছেছে, একজন কর্মীকে একাধিক কর্মীর কাজ করতে হচ্ছে। কাস্টমার কেয়ার সেন্টারগুলিতে মোবাইল ভ্যান প্রয়োজনের তুলনায় কম থাকায় লাইন মেরামতির কাজে দীর্ঘ সময় লাগছে, ক্ষুদ্র গ্রাহকদের দ্বারা আক্রান্ত হচ্ছেন কর্মীরা। মালপত্রের অভাবে লক্ষ লক্ষ পোল দিয়ে কানেকশন বকেয়া পড়ে থাকছে।

বিভিন্ন ৩৩/১১ কে ভি সাব-স্টেশনে ট্রান্সফরমার ওভার লোডিং অবস্থায় থাকায় স্থানীয় ভাবে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখতে হচ্ছে। ৩৩/১১ কে ভি সাব-স্টেশনের কম্যুনিকেশন ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। দীর্ঘ দিন ওয়াকি-টকি সেট এবং ভি এইচ এফ সেট খারাপ অবস্থায় পরে থাকায় সিস্টেম অপারেশনের কাজ ব্যাহত হচ্ছে। বিদ্যুৎ চুরি প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না, বাড়ছে এ টি এন্ড সি লস ফলে বিপুল পরিমাণে আর্থিক ক্ষতি হচ্ছে। বেশী দুরত্বের সিঙ্গেল ফেজ এল টি লাইনগুলি থ্রী ফেজ করা হচ্ছেনা এবং এইচ টি লাইনগুলির দুরত্ব কমানোর কাজ হচ্ছেনা। এই সব কারণে কর্মচারীদের হয়রানি দিনের পর দিন বেড়েই চলেছে। এর ফলে গ্রাহক পরিষেবা ব্যাহত হচ্ছেই শুধু নয় গ্রাহকদের হয়রানি বেড়েই চলেছে।

কর্মচারীদের কতগুলি ন্যায্য দাবি পূরণ হচ্ছে না। যেমনঃ ২০ বছর চকুরী অস্ত্রে পূর্ণ পেনসন প্রাপ্তি। সরকারি নির্দেশকে উপেক্ষা করে সি পি এস প্রথা চালু করা। মৃত কর্মীর পোষ্যদের চকুরী প্রদানে চরম অনীহা। শূন্য পদ পূরণে দীর্ঘ সূত্রিতা সহ বিভিন্ন দাবি অমীমাংসিত থেকে যাচ্ছে। বদলী সংক্রান্ত গাইড লাইন সংশোধন না করে নীতিহীন ভাবে কিছু কিছু কর্মীকে বেছে নিয়ে বদলী করা হচ্ছে। অথচ এদের বিরুদ্ধে কাজে গাফিলতির কোন অভিযোগ নেই। আই টি আই সমস্যা, অ্যাসিস্ট্যান্টদের সমস্যা, গ্রেড পে-এর বৈষম্য, ডিমড প্রমোশনের নামে আর্থিক সুবিধা প্রদানে বঞ্চনা এবং অফিসার ও ইঞ্জিনিয়ারদের ন্যায্য লিঙ্ক প্রমোশন প্রথা চালু করা ইত্যাদি বিষয়ে দ্রুত সমাধান।

সুরক্ষা ব্যবস্থা এতটাই ভেঙ্গে পরেছে যে প্রতিদিন দুর্ঘটনা ঘটছে, কর্মীরা মারা যাচ্ছেন। ঠিকদাররা ইলেক্ট্রিক লাইনে কাজ না জানা লোকদের নতুন সার্ভিস কানেকশনে ও লাইন মেরামতির কাজে লাগিয়ে দিচ্ছে, ফলে ঠিকা প্রথায় নিযুক্ত কর্মীরা মারা যাচ্ছেন প্রায় প্রতিদিন, বেশীর ভাগ অংশের কর্মীরা চিকিৎসার বা আর্থিক ক্ষতিপূরণের কোন সুযোগ সুবিধা পাচ্ছেনা। বন্টন কোম্পানীর যে সব অফিসারদের দায়িত্ব তারাও দেখছেন না। এদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণও করা হচ্ছে না।

পাশাপাশি অবসর প্রাপ্ত কর্মীদের চিকিৎসা ব্যয় সহ কয়েকটি দাবি উপেক্ষিত থেকে যাচ্ছে। এদের পি পি ও প্রদানে চূরান্ত অবহেলা।

বিস্তারিত ভাবে নিম্নে দাবিগুলি আপনার নিকট প্রেরণ করা হচ্ছে দ্রুত মীমাংসার জন্য।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

